

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠান অনুবিভাগ
রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠান অধিশাখা-১
www.mof.gov.bd


নম্বরঃ ০৭.০০.০০০০.১২৬.৩১.০০৬.১৫-২৩

তারিখঃ ১১ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ
২৫ জানুয়ারি ২০২১

বিষয়ঃ 'Letter Tracking System' নামক সেবার পাইলটিং মূল্যায়ন।

অর্থ বিভাগের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২০-২০২১ এর ৬.২ নং কার্যক্রমের নিমিত্ত রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠান অনুবিভাগ কর্তৃক 'Letter Tracking System' নামক একটি উদ্ভাবনী উদ্যোগ চালু করা হয়। উক্ত 'Letter Tracking System' ব্যবহার করে এ অনুবিভাগে প্রাপ্ত সকল চিঠিপত্র সিস্টেমে এন্ট্রি প্রদান করা হয় এবং নির্দেশনা মোতাবেক প্রাপ্ত চিঠিপত্র যথাসময়ে নিষ্পত্তি করার নিমিত্তে সংশ্লিষ্ট নথির কার্যক্রম নিয়মিত মনিটরিং করা হয়। উক্ত সিস্টেমকে উন্নত ও অধিকতর কার্যকর করতে অর্থ বিভাগে কর্মরত সংশ্লিষ্ট সকলের পরামর্শ/মতামত আহ্বান করা হয় এবং তাঁদের পরামর্শ/মতামতের ভিত্তিতে সিস্টেমটি চূড়ান্ত করা হয়েছে। চূড়ান্তকৃত সিস্টেমটি ব্যবহার করে অনুবিভাগ, অধিশাখা ও শাখা প্রধানগণ প্রাপ্ত ও এন্ট্রিকৃত সকল চিঠিপত্র তাৎক্ষণিকভাবে অবলোকন করতে পারেন এবং একইসাথে প্রতিটি শাখায় কোন কোন পত্র কতদিন ধরে অনিষ্পন্ন রয়েছে তা পর্যবেক্ষণ করে প্রয়োজনীয় নির্দেশনা দিতে পারেন। এছাড়া প্রতিটি শাখায় কতগুলো চিঠিপত্র নিষ্পত্তি করা হয়েছে এবং প্রেরণযোগ্য পত্র যথাসময়ে জারি করা হয়েছে কিনা তাও অবলোকন করতে পারেন। বর্তমানে উক্ত সিস্টেমটি রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠান অনুবিভাগে পূর্ণাঙ্গভাবে নিয়মিত ব্যবহার করা হচ্ছে। ফলে রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠান অনুবিভাগের কর্মসম্পাদনে গতিশীলতা এসেছে ও সেবার মান বৃদ্ধি পেয়েছে।

০২। উক্ত চূড়ান্ত 'Letter Tracking System' টিকে রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠান অনুবিভাগের সকলকে বাধ্যতামূলকভাবে নিয়মিত ব্যবহার করতে এবং অর্থ বিভাগের অন্যান্য অনুবিভাগেও এই সিস্টেমটি নিয়মিত ব্যবহার করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(ড. সাফিকুল ইসলাম)

উপসচিব

ফোন: ৯৫৬৭০৬১

safiquli@finance.gov.bd

বিতরণ: (জ্ঞাতার্থে ও কার্যার্থে)

০১। অতিরিক্ত সচিব-----অনুবিভাগ, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

০২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ।

০৩। অফিস কপি।